



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd



তারিখঃ ১৯ জুন ২০২২
০৫ আষাঢ় ১৪২৯

প্রেস রিলিজ

১৯ জুন ২০২২ (রবিবার) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা” শীর্ষক চট্টগ্রাম বিভাগীয় সেমিনার সার্কিট হাউজ, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন জনাব মোঃ আশরাফ উদ্দিন, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। এছাড়াও, সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ার হোসেন, বিপিএম-বার, পিপিএম (বার) ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, জনাব শ্যামল কুমার নাথ, অতিরিক্ত পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এবং জনাব মাহবুবুল আলম, সভাপতি চট্টগ্রাম চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (সিসিআই)। এছাড়াও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্য জনাব মোঃ জি.এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, কমিশনের কর্মকর্তাবৃন্দ, চট্টগ্রাম বিভাগের অন্তর্গত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসকগণ, চট্টগ্রাম বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ সেমিনারে উপস্থিত ছিলেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কমিশনের বিজ্ঞ সদস্য জনাব জি.এম.সালেহ উদ্দিন। মূল প্রবন্ধ উপস্থাপনের পর আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। সেমিনারের প্রধান অতিথি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম দেশের বিভিন্ন পণ্য ও সেবার বাজারকে প্রতিযোগিতাপূর্ণ করার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত ও টেকসইকরণে সহযোগিতা করার জন্য বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্থানীয় সরকার প্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, বিশিষ্ট ব্যবসায়ী ও সাংবাদিকসহ সকলকে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। তিনি কমিশনের কার্যক্রমকে আরো গতিশীল করার বিষয়ে কমিশনের প্রত্যয় ব্যক্ত করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে উন্মুক্ত আলোচনা সঞ্চালন করেন বিভাগীয় কমিশনার জনাব মোঃ আশরাফ উদ্দিন। সেমিনারের সভাপতি বিভাগীয় কমিশনার চট্টগ্রাম, বিশেষ অতিথিবৃন্দ এবং আমন্ত্রিত অংশগ্রহণকারীগণ মাঠ পর্যায়ে কমিশনের সচেতনতামূলক কার্যক্রম আরো বাড়ানোর জন্য পরামর্শ প্রদান করেন এবং কমিশনকে সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

গণমাধ্যম কর্মীগণ বাজারে প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ডের সংবাদসমূহ বিভিন্ন গণমাধ্যমে আরো বেশি প্রচারের জন্য আহ্বান জানিয়ে এক্ষেত্রে তাঁদের সার্বিক সহযোগিতার বিষয়টি পুনর্বার্ত্ত করেন। বিভিন্ন জেলার চেম্বার প্রতিনিধিগণ ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিত করার বিষয়ে তাঁদের আন্তরিক সহযোগিতার বিষয় তুলে ধরেন।


(শেখ রুবেল)

জনসংযোগ কর্মকর্তা

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৪১২

ই-মেইল : shekhruheldu@gmail.com